

মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীদের জন্য বাসস্থান নির্মাণের প্রয়োজনীয়তা, চাহিদা এবং সম্ভাব্যতা বিষয়ক সভা

ঢাকার ইক্সটেন্শন প্রবাসী কল্যাণ ভবনে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাকক্ষে ১৪ নভেম্বর ২০১৭ সকাল-১০.৩০ টায় মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (অর্থ ও প্রশাসন) মোঃ আমিনুল ইসলাম-এর সভাপতিত্বে মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীদের জন্য বাসস্থান নির্মাণের প্রয়োজনীয়তা, চাহিদা এবং সম্ভাব্যতা বিষয়ক একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় সিদ্ধান্ত এ মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/সংস্থার মালিকানাধীন অব্যবহৃত সরকারি জমি আছে কি না, থাকলে তাদের কর্মকর্তা/কর্মচারীদের আবাসনের চাহিদা আছে কি না এবং তার সম্ভাব্য যাচাই পূর্বক আগামী ১০ কার্যদিবসের মধ্যে মন্ত্রণালয়কে জানানোর জন্য দপ্তর/সংস্থার প্রধানগণকে অনুরোধ জানানো হয়। এছাড়াও এ মন্ত্রণালয়ের নামে সরকারি আবাসন পরিদপ্তর থেকে বরাদ্দকৃত বাসার পরিমাণ/সংখ্যা কম থাকায় বরাদ্দ বৃদ্ধির জন্য অনুরোধের সিদ্ধান্ত হয়। সভায় মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা এবং অধীনস্থ দপ্তর/সংস্থা (বিএইচটি, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, বোয়েসেল এবং প্রবাসী কল্যাণ ব্যাংক)-এর প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন। অতিরিক্ত সচিব(অর্থ ও প্রশাসন) সভায় গৃহিত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের নির্দেশনা ও পরামর্শ প্রদান এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন। উল্লেখ্য, গত ৯ অক্টোবর মাননীয় পরিকল্পনা মন্ত্রী প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব ড. নমিতা হালদার, এনডিসি'র সাথে এ মন্ত্রণালয় ও দপ্তর সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের আবাসন সমস্যা নিরসনকলে একটি আবাসন প্রকল্প গ্রহণের পরামর্শ প্রদান করেন। ভারপ্রাপ্ত সচিব মহোদয়ের নির্দেশনা অনুযায়ী এ মন্ত্রণালয়ের পরিকল্পনা বিভাগের সংশ্লিষ্ট শাখা হতে আবাসন সংক্রন্ত প্রকল্প প্রস্তাব সংগ্রহের উদ্যোগ গ্রহণ করা হয়।